দর্শনায় কেরুজ সবুজ সংগঠনের কর্মী সমাবেশ

দর্শনায় কেরুজ সবুজ সংগঠনের উদ্যোগে কর্মী সমাবেশ, র্যালি ও মোটরসাইকেল শোডাউন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা ১১টার দিকে সবুজ সংগঠনের কার্যালয়ে এ কর্মী সমাবেশের আয়োজন করা হয়।

সংগঠনের কর্ণধর ফিরোজ আহম্মেদ সবুজের উপস্থিতিতে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন কেরু মিল হাউজের ফোরম্যান রবিউল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে ফিরোজ আহম্মেদ সবুজ বলেন, “আগামী নির্বাচন গঠনতন্ত্র ও নিয়ম অনুযায়ী হবে। তাই কোনো ধরনের বিভ্রান্তিতে কান দেওয়ার প্রয়োজন নেই। যে যাই বলুক আপনারা স্থির থাকবেন। নির্বাচন পিন্স তৈয়ব আলী বন্ধ করেছে, তারা বন্ধ করে এখন নিজেরাই নাটক সাজাচ্ছে।”

সমাবেশে বক্তব্য দেন সাবেক সাধারণ সম্পাদক হাফিজ। তিনি বলেন, “সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম পিন্সের চাকরি রয়েছে মাত্র দুই মাস। তাই সে যার-তার নামে আবোল-তাবোল কথা বলছে।”

এ সময় আরও উপস্থিত ছিলেন সহ-সভাপতি মফিজুল ইসলাম, আবু সাঈদ, বাবর আলী, ইসমাইল হোসেন, হুন্ডুরাস বাবু, রবিউল ইসলাম সুমন, ডিস্টিলারি ফোরম্যান সিদ্দিক, মাজেদুর রহমান ডাবলু, মানিক, সেলিম, মান্নান, বদিয়ার রহমান, আবু সাঈদ রতনসহ সংগঠনের শত শত নেতাকর্মী। অনুষ্ঠানে প্রায় ৩০০-৪০০ নেতাকর্মীর উপস্থিতিতে এলাকা উৎসবমুখর পরিবেশ তৈরি হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সিডিএর সাবেক মেম্বার হারিজুল ইসলাম। সার্বিক পরিচালনার দায়িত্বে ছিলেন রাসেল উদ্দীন টগর।

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে

দর্শনায় সবুজ সংগঠনের মোটরসাইকেল র্যালি

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে দর্শনায় সবুজ সংগঠনের পক্ষ থেকে মোটরসাইকেল র্যালি করছে সংগঠনটি।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা কেরুজ সবুজ সংগঠনের নিজস্ব কার্যলয় থেকে এ র্যালিটি বের হয়। র্যালিটি বের হয়ে দর্শনা শহরে প্রদিক্ষন শেষে দর্শনা পৌর আওয়ামীলীগের আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালনে জনসভায় যোগ দেয়। মোটরসাইকেল র্যালিটি বিভিন্ন সড়কে প্রদিক্ষন করে।

এ সময় আরও উপস্থিত ছিলেন, সবুজ সংগঠনের সাধারন সম্পাদক মানিক মিয়া, ইসমাইল ড্রাইভার, হেলফার বকুল মিয়া, মিরাজুল ইসলাম, সাবেক সভাপতি কুষ্টিয়া সুগার মিল পিচি আতিয়ার রহমান, সিডিএ মেম্বার হারিজুল ইসলাম, ছাত্রলীগ যুবলীগের রফিকুল ইসলাম ববি, লোমান, তোফাজ্জেল হোসেন তপু, মিল্লাত ও নাসির উদ্দীন, কেরুজ বিভিন্ন বিভাগের শ্রমিকবৃন্দ। র্যালিটি সার্বিক পরিচালনা করেন ডিষ্টিলারী বিভাগের মানকরনিক রাসেল আহম্মেদ টগর।

দর্শনায় সবুজ সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়নের সবুজ সংগঠন কার্যলয়ে দোয়া ও কমী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১১ টায় সময় সবুজ সংগঠনের নিজ কার্যলয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়।

এ সমাবেশে কেরু এ্যান্ড কোম্পানীর ফোরম্যান রবিউল হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, দুই বারের কেরুজ

শ্রমিক কর্মচারী ইউনিয়ন ও বর্তমান সভাপতি সবুজ সংগঠনের কর্নধর ফিরোজ আহম্মেদ সবুজ।

এ সময় তিনি বলেন, আগামী ২৫ সালের নির্বাচন হবে খুবুই গুরুত্বপূর্ণ। তাই আপনারা যারা আমার সাথে আছেন এবং আমাকে সভাপতি বানিয়েছেন আপনাদের কথা ভুলবার নয়। তাই শ্রমিকদের স্বার্থে যা যা করার দরকার আমি করব। আপনাদের উপরে অনেক হুমকি ধামকি আসতে পারে তা আমি শক্ত হাতে দমন করব। তাই আগামী বছর নির্বাচনে আপনারা কাধে কাধ মিলিয়ে সবুজ সংগঠনের হাতকে শক্তিশালী করবেন।

এ সমাবেশে আরও বক্তব্য রাখেন, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সহ সভাপতি মফিজুল ইসলাম, সহ সভাপতি রেজাউল করিম, সহ সম্পাদক হাফিজুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু সাঈদ, ড্রাইভার আঃ রাজ্জাক, মিরাজুল ইসলাম, শ্রমিক কর্মচারী ইউনিয়নেন সদস্য কামরুল হাসান লোমান, মানিক হেসেন।

এ কর্মী সমাবেশে কোরআন তেলোওয়াত ও দোয়া পাঠ করেন, কেরুজ জামে মসজিদের মুয়াজ্জিন নেছার উদ্দিন। অনুষ্টানটি সার্বিক পরিচালনা ও উপস্থাপনা করেন সিডিএ বর্তমান কেবিনেটের সদস্য হারিজুল ইসলাম।